[illegible]

তারিখ ...30 SEP 2015...
পৃষ্ঠা ...৫... কলাম ...২...

# নকলায় স্কুল শিক্ষিকা ও তার দুই বোনকে উত্ত্যক্ত করায় ১০ জনের বিরুদ্ধে মামলা

■ শেরপুর প্রতিনিধি

ঈদের ছুটিতে নৌকাভ্রমণে এসে নকলা উপজেলার চন্দ্রকোনা ইউনিয়নে বখাটেদের উত্ত্যক্তের শিকার হয়েছেন জামালপুর সদর উপজেলার হনুমান চর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ও তার দুই চাচাতো বোন। সোমবার রাতে চন্দ্রকোনা মৃগী নদীরপাড়ে এ ঘটনা ঘটে। এ ঘটনায় মঙ্গলবার অবসরপ্রাপ্ত সেনাসদস্য এলন মিয়া, তার ছেলে ও পুলিশের এক এসআইর ছেলেসহ ১০ জনের বিরুদ্ধে নকলা থানায় মামলা হয়েছে। এ ঘটনাকে কেন্দ্র করে দু'পক্ষের সংঘর্ষে ৫ জন আহত হয়েছেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ঈদের ছুটিতে জামালপুর সদর উপজেলার হনুমানচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা নাজমুন নাহার ববি পরিবার নিয়ে সোমবার রাত সাড়ে ৮টার দিকে নৌকাভ্রমণে নকলার চন্দ্রকোনায় আসেন। তিনি মৃগী নদীরপাড়ে নৌকা রেখে পাশেই চন্দ্রকোনা বাজারে এক আত্মীয়ের বাড়িতে যান। বেড়ানো শেষে দ্বাদশ ও ষষ্ঠ শ্রেণীর ছাত্রী তার দুই চাচাতো বোন এসে নৌকায় বসে আড্ডা দিচ্ছিল। এ সময় ওই এলাকার বাসিন্দা পুলিশের এসআই জহির উদ্দিনের ছেলে রনি ও অবসরপ্রাপ্ত সেনা সদস্য এলন মিয়ার ছেলে রাব্বি উপস্থিত হয়ে মোবাইল ফোনে ওই দুই ছাত্রীর ছবি তুলে তাদের উত্ত্যক্ত করতে থাকে।

কিছুক্ষণ পর শিক্ষিকা ববি ঘটনাস্থলে উপস্থিত হলে তাকেও নানা ধরনের বাজে কথা বলতে থাকে ওই যুবকরা। একপর্যায়ে ববির স্বামী হাসানুজ্জামান ও তার আত্মীয় আনোয়ার পারভেজ ঘটনাস্থলে এলে নৌকার মধ্যেই দু'পক্ষের হাতাহাতি শুরু হয়। কিছুক্ষণ পর স্থানীয় লোকজনের মাধ্যমে চন্দ্রকোনা বাজারে খবর আসে হনুমানচরের লোকজন রনি ও রাব্বিকে উঠিয়ে নিয়ে যাচ্ছে। এ খবরে লাঠিসোটা ও ধারালো অস্ত্র নিয়ে উত্তেজিত লোকজন ওই নৌকায় হামলা চালায় এবং শিক্ষিকা ও তার পরিবারের সদস্যদের পাশের একটি ঘাটে নিয়ে যায়। খবর পেয়ে চন্দ্রকোনা তদন্ত কেন্দ্রের পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের উদ্ধার করে। পরে নকলা থানায় অভিযোগ করা হয়।

এদিকে সোমবার রাতে ওই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে এলন মিয়াকে পুলিশ আটক করে। মঙ্গলবার সকালে নকলা থানায় পুলিশ হেফাজতে থাকার সময় তিনি অসুস্থ হয়ে পড়লে তাকে ময়মনসিংহ সিএমএইচে ভর্তি করা হয়।

নকলা থানার ওসি (তদন্ত) খান আবদুল হামিদ সিদ্দিকী বলেন, আটক এলন মিয়া বহুদিন থেকেই উচ্চ রক্তচাপে ভুগছেন। সকালে নাস্তা খাওয়ার পর তিনি অসুস্থ হয়ে পড়লে তাকে ময়মনসিংহ সিএমএইচে ভর্তি করা হয়।